



আমাদেরকে শির্ক সম্পর্কে জানতে হবে কেন?

এ প্রশ্নের উত্তরে প্রথমেই আমরা বলব যে, বাঁচতে হলে জানতে হবে। কেননা, শির্ক হলো সবচেয়ে বড় পাপ ও অপরাধ। এর পরিণতি সবচেয়ে বেশি ভয়ঙ্কর ও ভয়াবহ। এবং এর প্রকৃতি পিপীলিকার পায়ের শব্দের চেয়েও অধিক নীরব। মোটকথা, এটি অত্যন্ত মারাত্মক ব্যাধি ও নীরব ঘাতক।